* প্রকৃতি:- যে শব্দকে বা কোনো শব্দের যে অংশকে আর কোনো ক্ষুদ্রতর অংশে ভাগ করা যায় না তাকে প্রকৃতি বলে ।

প্রকৃতি দুই প্রকার যথা:-
(i) নাম প্রকৃতি (ii) ক্রিয়া প্রকৃতি ॥

* শব্দ গঠনের উদ্দেশ্য হলো নাম প্রকৃতি ও ক্রিয়া প্রকৃতি ।

* প্রকৃতির পরে যে শব্দাংশ যুক্ত হয় তাকে প্রত্যয় বলে ।

* বাংলা শব্দ গঠনে দুই প্রকার প্রত্যয় পাওয়া যায় ।যথা:-
(i) তদ্ধিত প্রত্যয় (ii) কৃৎ প্রত্যয় ।

মোঃ রিমান শেখ
J.K.K.N.I.U

ধ্বনি

* মানুষের মুখনিঃসৃত আওয়াজকে ধ্বনি বলে ।

* ধ্বনি প্রধানত দুই প্রকার যথা :-
(i) স্বরধ্বনি (ii) ব্যঞ্জনধ্বনি ।

তারিখ : ১৮-১০-২০

(i) স্বরধ্বনি :- যে ধ্বনি নিজে নিজে উচ্চারিত হতে পারে তাকে স্বরধ্বনি বলে।

(ii) ব্যাঞ্জনধ্বনি :- যে সকল ধ্বনি উচ্চারণের সময় স্বরধ্বনি সাহায্য লাগে তাকে ব্যাঞ্জনধ্বনি বলে।

* স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপকে 'কার' বলে।
* মোট কার ১০ টি।
* ব্যাঞ্জন বর্ণের সংক্ষিপ্ত রূপকে ফলা বলে।
* মোট ফলা ৬টি যথা:- য, র, ল, ব, ন, ম।
* প্রকৃত স্বরবর্ণ ৭টি
* যৌগিক স্বরজ্ঞাপক বর্ণ ২টি। যথা:- ঐ, ঔ
* প্রকৃত ব্যাঞ্জনবর্ণ ৩৫ টি।
* পরাশ্রয়ী বর্ণ ৩টি। যথা:- ং, ঃ, ঁ।
* {ক থেকে ম} পর্যন্ত এই পঁচিশটি স্পর্শধ্বনি।
* 'অ' কে নিলীন / বিলীন ধ্বনি বলা হয়।
* বর্গ ৫টি যথা:- ক, চ, ট, ত, প কীয়।

মোঃ রিয়াদ হোসেন
J.K.N.I.U

তারিখ : ১৮-১০-২০

উচ্চারণ স্থান	অঘোষ		ঘোষ		নাসিক্য
	অল্পপ্রাণ	মহাপ্রাণ	অল্পপ্রাণ	মহাপ্রাণ	
কণ্ঠ	ক	খ	গ	ঘ	ঙ
তালব্য	চ	ছ	জ	ঝ	ঞ
মূর্ধন্য	ট	ঠ	ড	ঢ	ণ
দন্ত	ত	থ	দ	ধ	ন
ওষ্ঠ	প	ফ	ব	ভ	ম
					ং

* পার্শ্বিক বর্ণ ১টি — 'ল'।
* য, র, ল, ব, ন, ম কে অন্তঃস্থ (র) ধ্বনি বলে।
* (উ) বর্ণ ৪টি। {শ, স, ষ, হ} উষ্ম বর্ণ বলে।
* তাড়ন জাত ধ্বনি ২টি {ড়, ঢ়}
* কম্পন জাত ১টি {র}।

মোঃ রিমান শেখ
J.K.K.N.I.U

মাত্রা

	স্বরবর্ণ	ব্যঞ্জনবর্ণ	মোট
মাত্রাযুক্ত	৬	২৬	৩২
অর্ধমাত্রা	১ - ঋ	৭	৮
মাত্রাহীন	৪	৬	১০
	= ১১	= ৩৯	= ৫০

তারিখ : ১৯-১০-২০

ণত্ব বিধি

* বাংলা অধিকাংশ ণ এর ব্যবহার নেই।
* তৎসম ও সংস্কৃত শব্দে 'ণ' এর ব্যবহার হয়।
* তৎসম শব্দে 'ণ' এর ব্যবহারকে ণত্ব বিধি বলে।

সৌজন্যে: বিজ্ঞান জগৎ
J.K.N.I.U

ণ ব্যবহারের নিয়ম :-

(i) ট- বর্গীয় ধ্বনির আগে তৎসম শব্দে মূর্ধন্য (ণ) হয় যথা:- {ঘন্টা, লন্ঠন, কান্ড, কন্ঠ}।

(ii) ঋ, র, ষ এর পরে 'ণ' হয় যথা:- {ঋণ, তৃণ, বর্ণ, বর্ণনা, কারুণ্য, স্মরণ, ব্যাকরণ, ভীষণ, ভাষণ, উষ্ণ} ইত্যাদি

(iii) ঋ, র, ষ এর পরে স্বরধ্বনি, য, য়, ব, হ, ং এবং ক-বর্গীয় ও প- বর্গীয় ধ্বনি থাকলে এর পরে ন মূর্ধন্য (ণ) হয় যথা:- {কৃপণ, হরিণ, অর্পণ, লক্ষণ, রুক্মিণী, ব্রাহ্মণ}।

* সমাসবদ্ধ শব্দে সাধারণত ণত্ব বিধান খাটে না এরূপ ক্ষেত্রে ন হয় যেমন:- ত্রিনয়ন, সর্বনাম, দুর্নীতি, দুর্নাম, দুর্নিবার, পরনিন্দা, অগ্রনায়ক।

ত-বর্গীয় বর্ণের সঙ্গে যুক্ত দন্ত্য ন) কখনো 'ণ' হয় না। ('ন' হয় যথা:- অন্ত, গ্রন্থ, ক্রন্দন।

তারিখ : ১৯-১০-২০

(iv) কতকগুলো শব্দে স্বভাবতই 'ণ' হয় যথা:-

চাণক্য মানিক্য গণ   বানিজ্য লবণ মণ
বেনু বীণা কঙ্কণ কণিকা।
কল্যাণ শোণিত মণি   স্থানু গুণ পুণ্য বেণী
ফণী অণু বিপণি গণিকা।
আপণ লাবণ্য বাণী   নিপুণ ভণিতা পাণি
গৌণ কোণ ভাণ পণ শাণ।
চিক্কণ নিক্কণ তূণ   কফোণি বণিক গুণ
গণনা পিণাক পণ্য বাণ।

ষত্ব-বিধি

* বাংলা ভাষায় 'ষ' এর ব্যবহার নেই।
* তৎসম শব্দে 'ষ' এর ব্যবহারকে ষত্ব বিধান বলে।

ষ এর ব্যবহার :-

(১) ট-বর্গীয় ধ্বনির সঙ্গে দন্ত্য(স) এর পরিবর্তে 'ষ' হয় যথা:- কষ্ট, স্পষ্ট, নষ্ট, কাষ্ঠ, ওষ্ঠ।

(২) {ঋ, র} এর পরে 'ষ' হয় যথা:- ঋষি, বর্ষা, কৃষক, বৃষ্টি

মোঃ বিল্লাল হোসেন U.N.K.K.J

তারিখ: ১১-১০-২০

(৩) অ, আ, ভিন্ন অন্য স্বরধ্বনি এবং ক ও র এর পরে প্রত্যয় এর 'ষ' 'ষ' হয় যথা:- মুমূর্ষু, চক্ষুষ্মান, চিকীর্ষা।

(৪) ই- কারান্ত এবং উ- কারান্ত উপসর্গের পর কতগুলো ধাতুতে 'ষ' হয় যথা :- অভিসেক > অভিষেক, সুসুপ্ত > সুষুপ্ত, অনুসঙ্গ > অনুষঙ্গ, প্রতিসেধক > প্রতিষেধক, প্রতিস্থান > প্রতিষ্ঠান, অনুস্থান > অনুষ্ঠান, বিসম > বিষম, সুসমা > সুষমা।

(৫) 'র' ধ্বনির পর যদি অ, আ ভিন্ন অন্য স্বরধ্বনি থাকে তবে (ষ) হয় যথা :- পরিষ্কার।

(৬) তৎসম শব্দে 'র' এর পর 'ষ' হয় যথা:- {বর্ষা, ঘর্ষণ}

(৭) কতকগুলো শব্দে স্বভাবতই 'ষ' হয় যথা:- ষড়ঋতু, রোষ, কোষ, আষাঢ়, ভাষণ, ভাষা, ঊষা, পৌষ, কলুষ, পাষাণ, মানুষ, ঔষধি, ষড়যন্ত্র, ভূষণ, দ্বেষ।

* আরবি, ফারসি, ইংরেজী ইত্যাদি ভাষা থেকে আগত শব্দে 'ষ' হয় না। যথা:- জিনিস, পোশাক, মাস্টার, পোস্ট।

* সংস্কৃত 'সাৎ' প্রত্যয়যুক্ত পদে ও 'ষ' হয় না যথা:- অগ্নিসাও, ধূলিসাও, ভূমিসাৎ ইত্যাদি।

মোঃ রিমান শেখ
J.K.K.N.I.U

তারিখ : ১৯-১০-২০

সন্ধি

* সন্ধি অর্থ মিলন।
* পরস্পর দুইটি ধ্বনির মিলনকে সন্ধি বলে।
* সন্ধি দুই প্রকার :-
(i) স্বর সন্ধি (ii) ব্যাঞ্জনসন্ধি

* স্বরসন্ধির :- স্বরধ্বনির সাথে স্বরধ্বনির যে মিলন তাকে স্বরধ্বনি বলে। অর্থাৎ {স্বর + স্বর}। যথা:- বিদ্যা + আলয় বিদ্যালয় — আ + আ

* ব্যাঞ্জনসন্ধি :- ব্যাঞ্জনধ্বনির সাথে ব্যাঞ্জনধ্বনির মিলনকে অথবা ব্যাঞ্জনধ্বনির সাথে স্বরধ্বনির মিলনকে ব্যাঞ্জন সন্ধি বলে। ব্যাঞ্জনসন্ধির রুপ ৩টি যথা:-
(i) ব্যাঞ্জন + ব্যাঞ্জন
(ii) ব্যাঞ্জন + স্বর
(iii) স্বর + ব্যাঞ্জন।

মোঃ রিমান শেখ
J.K.K.N.I.U

(১) কাদের মধ্যে বর্গের তৃতীয় বর্ণ থাকলে ঐ বর্গের ১ম বর্ণ বসে যথা:- নিজঅন্ত = নিচ + অন্ত, সুবন্ত = সুপ + অন্ত

(২) কাদের মধ্যে (চচ) বা চছ থাকলে ১ম 'চ' এর পরিবর্তে (ত) বা (দ) হবে যথা:- উচ্চারণ = উৎ + চরণ, সচ্চিন্তা = সৎ + চিন্তা

তারিখ : ২৯-১০-২০

(৩) শব্দের মধ্যে (জ্জ্ব) / (জ্ঝ) থাকলে তখন (জ/ঝ) এর পরিবর্তে (ৎ) বা (দ) বসে যথা:- উজ্জ্বল = উৎ + জ্বল, সজ্জন = সৎ + জন।

(৪) শব্দের মধ্যে (দ্ধ) থাকলে তখন (দ) এর পরিবর্তে (ৎ) বা (দ) হয় আর (ধ) এর পরিবর্তে (হ) হয় যথা: পদ্ধতি = পদ্ + হতি।

(৫) শব্দের মধ্যে নাসিক্য বর্ণ {ঙ, ঞ, ন, ম, ং} থাকলে এর পরিবর্তে 'ম' হয়। যথা:- সংবাদ = সম + বাদ।

* বাংলা ভাষায় কিছু তৎসম শব্দ আছে এজন্য বাংলা বিসর্গ (ঃ) সন্ধির ব্যবহার আছে।

* শব্দের মধ্যে (ঃ) থাকলে অবশ্যই বিসর্গ (ঃ) সন্ধি হয়।

(i) শব্দের মধ্যে ও (ো) কার থাকলে বিসর্গ (ঃ) সন্ধি হবে। ও (ো) কার উঠিয়ে (ঃ) বসে + বাকি অংশ।

(ii) শব্দের মধ্যে (র) বা রেফ (র্) থাকলে (ঃ) বিসর্গ সন্ধি হয়। (র) বা (র্) এর পরিবর্তে (ঃ) + বাকি অংশ।

(iii) শব্দের মাঝখানে {শ, ষ, স} থাকলে তা উঠে (ঃ) + বাকি অংশ বসে।

মোঃ রিমান শেখ
J.K.K.N.I.U

(iv) বিশেষ নিয়মে সাধিত কতগুলো সন্ধি যথা:-
উৎ + স্থান = উত্থান, সম + কার = সংস্কার, সম + কৃত = সংস্কৃত
পরি + কার = পরিষ্কার, উৎ + স্থাপন = উত্থাপন।

তারিখ : ১১-১০-২০

(৮) কতকগুলো নিপাতনে সিদ্ধ সন্ধি যথা :-
আশ্চর্য = আ + চর্য, গো + পদ = গোষ্পদ, বন + পতি = বনস্পতি
বৃহৎ + পতি = বৃহস্পতি, তৎ + কর = তস্কর।
এক + দশ = একাদশ।

মোঃ রিমান শেখ
J.K.K.N.I.U

পুরুষ ও স্ত্রীবাচক শব্দ

* বাংলা ভাষায় বহু বিশেষ্য পদ রয়েছে যাদের কোনোটিকে পুরুষ আবার কোনো টিকে স্ত্রী বোঝায়।
* যে শব্দ পুরুষ বোঝায় তাকে পুরুষবাচক শব্দ বলে।
* যে শব্দ স্ত্রী বোঝায় তাকে স্ত্রীবাচক শব্দ বলে।
* বাংলা ভাষায় পুরুষ ও স্ত্রীবাচক শব্দকে ২ভাগে ভাগ করা যায় যথা:-

(১) পতি ও পত্নীবাচক অর্থে {বৈবাহিক সম্পর্কের ভিত্তিতে}
যথা:- আব্বা - আম্মা, চাচা - চাচী, মামা - মামী

(২) পুরুষ ও মেয়ে স্ত্রীজাতীয় অর্থে যথা:- খোকা - খুকী, পাগল - পাগলী, বামন - বামনী, ভেড়া - ভেড়ী, দেওর - ননদ।

তারিখ : ২০-১০-২০

বাংলা স্ত্রী প্রত্যয়

* ঈ প্রত্যয় :- বৈষ্ণব-বৈষ্ণবী, ভাগনা-ভাগনী।
* নী প্রত্যয় :- কামার-কামারনী, জেলে-জেলেনী, কুমার-কুমারনী, ধোপা-ধোপানী, মজুর-মজুরনী।
* পুরুষবাচক শব্দের শেষে 'ঈ' থাকলে স্ত্রীবাচক শব্দের শেষে নী হয়। এবং আগের 'ঈ' (ই) হয় যথা:- অভিসারী-অভিসারিনী, ভিখারী-ভিখারিনী।
* আনী প্রত্যয় :- চাকর-চাকরানী, ঠাকুর-ঠাকুরানী, নাপিত-নাপিতানী।
* ইনী প্রত্যয় :- কাঙাল-কাঙালিনী, গোয়াল-গোয়ালিনী, বাঘ-বাঘিনী
* উন প্রত্যয় :- ঠাকুর-ঠাকরুন।
* আইন প্রত্যয় :- ঠাকুর-ঠাকুরাইন।

মোঃ রিয়ান শেখ
J.K.K.N.I.U

* নিত্য স্ত্রীবাচক শব্দ :- সতীন, সৎমা, এয়ো, দাই, সধবা, বিধবা, নাকচুন্নী, শুক-সারী ইত্যাদি।
* নিত্য পুরুষবাচক শব্দ :- কবিরাজ, কৃতদার, ঢাকী, রাষ্ট্রপতি।

তারিখ : ২০-১০-২০

* কতকগুলো পুরুষবাচক শব্দের আগে স্ত্রীবাচক শব্দ প্রয়োগ করে স্ত্রীবাচক শব্দ গঠিত হয়। যথা:-
ডাক্তার - মহিলা ডাক্তার, সৈন্য - মহিলা সৈন্য
সভ্য - মহিলা সভ্য, কবি - মহিলা কবি।

* কতগুলো শব্দের শেষে পুরুষ ও স্ত্রীবাচক শব্দ যোগ করে পুরুষ ও স্ত্রীবাচক শব্দ গঠিত হয় যথা:-
বোন পো - বোন ঝি, ঠাকুর পো - ঠাকুর ঝি
গয়লা - গয়লা বউ, ঠাকুরদা - ঠাকুরমা

মোঃ রিয়াদ শেখ
J.K.K.N.I.U

সংস্কৃত স্ত্রী প্রত্যয়

* আ-যোগে :- সাধারণ অর্থে :- মৃত - মৃতা, বিবাহিত - বিবাহিতা
মাননীয় - মাননীয়া, বৃদ্ধ - বৃদ্ধা, প্রিয় - প্রিয়া, মলিন - মলিনা
জাতি বা শ্রেণিবাচক : অজ - অজা, কোকিল - কোকিলা, ক্ষত্রিয় - ক্ষত্রিয়া, শূদ্র - শূদ্রা, শিষ্য - শিষ্যা

* ঈ - প্রত্যয় যোগে :- সাধারণ অর্থ :- নিশাচর - নিশাচরী, ভয়ংকর - ভয়ংকরী, রজক - রজকী, কিশোর - কিশোরী,
জাতি বা শ্রেণিবাচক : সিংহ - সিংহী, ব্রাহ্মণ - ব্রাহ্মণী, মানব - মানবী, ময়ূর - ময়ূরী।

তারিখ : ২০-১০-২০

* গুরুজন বলেন শিক্ষিত মা-বাবা ছাড়া শিশু সন্তান মানুষ হয় না। এই শব্দ গুলো স্ত্রী ও পুরুষ উভয়ই বোঝায়।

সংখ্যাবাচক শব্দ

* সংখ্যা মানে গণনা বা গণনা দ্বারা লব্ধ ধারণা।
* সংখ্যা ধারার মূল একক ১(এক)।
* সংখ্যাবাচক শব্দ চার প্রকার যথা:

(i) অঙ্কবাচক :- ১, ২, ৩, ৪, ৫।
(ii) পরিমাণ বা গণনা বাচক :- এক, দুই, তিন, চার, পাঁচ।
(iii) ক্রম বা পূরনবাচক :- প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, পঞ্চম।
(iv) তারিখ বাচক :- পহেলা, দোসরা, তেসরা, চৌঠা, পাঁচই।

* $\frac{১}{৪}$ — চৌথা, সিকি বা পোয়া।
* $\frac{১}{৩}$ — তেহাই।
* $\frac{১}{২}$ — অর্ধ, আধা।
* $\frac{১}{৮}$ — অষ্টমাংশ।

মোঃ রিয়াদ শেখ
J.K.K.N.I.U

তারিখ : ২০-১০-২০

বচন

* বচন অর্থ সংখ্যার ধারণা।
* ব্যাকরণে বিশেষ্য ও সর্বনামের সংখ্যাগত ধারণা প্রকাশের উপায়কে বচন বলে।
* বাংলা ভাষায় বচন দুই প্রকার যথা:-
① একবচন ② বহুবচন

মোঃ রিমান শেখ
J.K.K.N.I.U

* একবচন :- যে শব্দ দ্বারা কোনো প্রাণী, ব্যক্তি বা বস্তু একটি মাত্র সংখ্যা বোঝায় তাকে একবচন বলে। যথা:- যে এলো মেয়েটি স্কুলে যায়নি।

* বহুবচন :- যে শব্দ দ্বারা কোনো প্রাণি, ব্যক্তি বা বস্তুর একের অধিক সংখ্যা বোঝায় তাকে বহুবচন বলে। যথা: {তারা গেল}। {মেয়েরা এখনও আসেনি}।

* কেবল মাত্র বিশেষ্য ও সর্বনামের পদ বচনভেদে হয়।
* কোন কোন সময় টি, টা, খানা, খানি যোগ করে বিশেষ্যের একবচন বোঝায় যথা:- গরুটা, কলমটি, খাতা খানা, বাড়িটা

* বাংলা বহুবচন বোঝানোর জন্য রা, এরা, গুলো, গুলি, দিগ, দের বিভক্তি যুক্ত হয় এবং সব, সকল, সমুদয়, কুল, বৃন্দ বর্গ, নিচয়, রাজি, রাশি, পাল, দাম, নিকর, মালা, অবলি

তারিখ : ২০-১০-২০

* 'রা' কেবল উন্নতি প্রানীবাচক শব্দে ব্যবহৃত হয় যথা:- ছাত্ররা খেলতে গেছে, শিক্ষকেরা জ্ঞান দান করেন

* গুলা, গুলি, গুলো প্রানী ও অপ্রানীবাচক শব্দে ব্যবহৃত হয়। অতগুলো কুমড়া দিয়ে কী হবে ?

* উন্নত প্রানীবাচক মনুষ্য শব্দে ব্যবহৃত বহুবচন হয় যথা:-
(i) গণ — দেবগণ, নরগণ, জনগণ
(ii) বৃন্দ — সুধীবৃন্দ, ভক্তবৃন্দ, শিক্ষকবৃন্দ
(iii) মন্ডলী — শিক্ষকমন্ডলী, অধ্যাপকমন্ডলী
(iv) বর্গ — পন্ডিতবর্গ, মন্ত্রিবর্গ।

মোঃ বিপ্লব মোল্লা
J.K.K.N.I.U

* প্রানী ও অপ্রানীবাচক শব্দে বহুবচন যথাঃ
(i) কুল — কবিকুল, পক্ষিকুল, মাতৃকুল, বৃক্ষকুল।
(ii) সকল — পর্বতসকল, মনুষ্য সকল
(iii) সব — ভাইসব, পাখিসব
(iv) সমূহ — বৃক্ষ সমূহ, মনুষ্য সমূহ।

* অপ্রানিবাচক শব্দে ব্যবহৃত বহুবচনবোধক শব্দ যথা: আবলি, গুচ্ছ, দাম, নিকর, পুঞ্জ, মালা, রাজি, রাশি, কবিতাগুচ্ছ, আবলি, গুচ্ছ, দাম, নিকর, পুঞ্জ, মালা, রাজি, রাশি, বালিরাশি। কুসুমদাম, কমলনিকর, মেঘপুঞ্জ, পর্বতমালা, তারকারাজি,

তারিখ : ২১-২০-২০

* সকল মানুষেরাই মরণশীল (শুদ্ধ)।
* মানুষেরা মরণশীল (শুদ্ধ)।

মোঃ রিয়ান লেখা
J.K.K.N.I.U

ধ্বনি পরিবর্তন

* ধ্বনি পরিবর্তনে অর্থের কোনো পরিবর্তন হয় না।
* ধ্বনি পরিবর্তনের প্রধান তিনটি কারণ যথা:-
(i) আঞ্চলিকতার জন্য (ii) সহজ উচ্চারণের জন্য (iii) দ্রুত উচ্চারণের জন্য।
* ধ্বনি পরিবর্তন দুই প্রকার যথা:- (i) স্বরধ্বনির পরিবর্তন (ii) ব্যঞ্জন ধ্বনির পরিবর্তন।
* স্বরধ্বনির পরিবর্তন :- স্বরাগম (স্বর+আগমন) স্বরধ্বনির আগমনকে বোঝায় যথা:- স্কুল > ইস্কুল {ই ধ্বনির আগমন}
* স্বরাগম তিন প্রকার যথা:- (i) আদি স্বরাগম (ii) মধ্যস্বরাগম (iii) অন্ত্যস্বরাগম।

* আদি স্বরাগম শুরুতে স্বরধ্বনির আগমন — স্টেশন > ইস্টেশন
* মধ্য স্বরাগম মধ্যে স্বরধ্বনির আগমন — ধর্ম > ধরম।
* অন্ত স্বরাগম শেষে স্বরধ্বনির আগমন — আম > আমা

তারিখ : ২১-১০-২০

* ধ্বনি বিপর্যয় :- শব্দের মধ্যে দুটি ব্যঞ্জনের পরস্পর পরিবর্তন ঘটলে তাকে ধ্বনি বিপর্যয় বলে যথাঃ- রিকসা > রিসকা, বাক্স > বাস্ক, লাফ > ফাল, পিশাচ > পিচাশ।

* সমীভবন :- শব্দের মধ্যে দুটি ভিন্ন ধ্বনি একে অপরের অল্প- বিস্তর সমতা লাভ করে একে সমীভবন বলে যথাঃ- জন্ম > জম্ম, কাঁদনা > কান্না।

⇒ সমীভবন তিন প্রকার যথাঃ- (i) প্রগত (ii) পরাগত (iii) অন্যোন্য

* প্রগত — চক্র > চক্ক, পক্ব > পক্ক, লগ্ন > লগ্গ।

⇒ পরাগত — তৎ + জন্য > তজ্জন্য, তৎ + হিত > তদ্ধিত।

⇒ অন্যোন্য — সংস্কৃত সত্য > প্রাকৃত সচ্চ, সংস্কৃত বিদ্যা > প্রাকৃত বিজ্জা।

মোঃ রিমান শেখ
J.K.K.N.I.U

* বিষমীভবন :- দুটি সম বর্ণের একটির পরিবর্তনকে বিষমীভবন বলে। শরীর — শরিল, লাল — নাল।

* দ্বিত্ব ব্যঞ্জন :- কখনো কখনো জোর দেওয়ার জন্য শব্দের ব্যঞ্জনে দ্বিত উচ্চারণ হয় একে দ্বিত্ব ব্যঞ্জন বলে যথাঃ- পাকা — পাক্কা, সকাল — সক্কাল।

* ব্যঞ্জন বিকৃতি :- শব্দের মধ্যে কোনো কোনো সময় কোনো ব্যঞ্জন পরিবর্তিত হয়ে নতুন ব্যঞ্জন ধ্বনি ব্যবহৃত হয় একে ব্যঞ্জন বিকৃ

কবাট — কপাট

তারিখ : ২১-১০-২০

সমাস

* সমাস মানে সংক্ষেপন, মিলন, একাধিক পদের একপদীকরণ।
* অর্থসম্বন্ধ আছে এমন একাধিক শব্দের এক সঙ্গে যুক্ত হয়ে নতুন শব্দ গঠনের প্রক্রিয়াকে সমাস বলে।
যথা:- দেশের সেবা = দেশসেবা, নেই পরোয়া যার = বেপরোয়া
* সমাসের রীতি সংস্কৃত থেকে বাংলায় এসেছে।
* সমাসের প্রক্রিয়ায় সমাসবদ্ধ বা সমাসনিষ্পন্ন পদটির নাম সমস্ত পদ।
* সমস্ত পদ বা সমাসবদ্ধ পদটির অন্তর্গত পদগুলোকে সমস্যমান পদ বলে।
* সমাস যুক্ত পদের প্রথম অংশ পূর্বপদ ও পরের অংশ উত্তরপদ বা পরপদ বলে।
* সমস্ত পদকে ভেঙে যে বাক্যাংশ বলা হয় তার নাম সমাসবাক্য, ব্যাসবাক্য বা বিগ্রহবাক্য।

মোঃ রিমান শেখ
J.K.K.N.I.U

* সমাস প্রধানত ছয় প্রকার যথা:-
① দ্বন্দ্ব সমাস
② কর্মধারয় সমাস
③ তৎপুরুষ সমাস
④ বহুব্রীহি সমাস
⑤ দ্বিগু সমাস
⑥ অব্যয়ীভাব সমাস,

তারিখ : ২১-১০-২০

(৩) দ্বন্দ্ব সমাস :- যে সমাসে প্রত্যেকটি সমস্যমান পদের অর্থের সমান প্রাধান্য থাকে তাকে দ্বন্দ্ব সমাস বলে। যথা:
তাল ও তমাল = তাল-তমাল, দোয়াত ও কলম = দোয়াত-কলম
* দ্বন্দ্ব সমাসে পূর্বপদ ও পরপদের সম্বন্ধ বোঝানোর জন্য {এবং, ও, আর} এ তিনটি অব্যয় পদ ব্যবহৃত হয় যথা:
মাতা ও পিতা = মাতাপিতা।
* অলুক দ্বন্দ্ব :- যে দ্বন্দ্ব সমাসে কোনো সমস্যমান পদের বিভক্তি লোপ হয় না তাকে অলুক দ্বন্দ্ব বলে যথা:
দুধে-ভাতে, জলে-স্থলে, দেশে-বিদেশে, হাতে-কলমে।
* তিন বা বহু পদে দ্বন্দ্ব সমাস হলে তাকে বহুপদী দ্বন্দ্ব সমাস বলে যথা:- {সাহেব-বিবি-গোলাম} {হাত-পা-নাক-মুখ-চোখ}।

মোঃ রিমান শেখ
J.K.K.N.I.U

(২) কর্মধারয় সমাস :- যেখানে বিশেষণ বা বিশেষণভাবাপন্ন পদের সাথে বিশেষ্য বা বিশেষ্যভাবাপন্ন পদের সমাস হয় এবং পরপদের অর্থই প্রধান রূপে প্রতীয়মান হয় তাকে কর্মধারয় সমাস বলে। যথা:- নীল যে পদ্ম = নীলপদ্ম; শান্ত অথচ শিষ্ট = শান্তশিষ্ট, কাঁচা অথচ মিঠা = কাঁচামিঠা।
* মাঝখানে {যে, অথচ} থাকলে কর্মধারয় সমাস।

তারিখ : ২১-১০-২০

* কর্মধারয় সমাস চার প্রকার যথা :-
① মধ্যপদলোপী কর্মধারয়।
② উপমান কর্মধারয়।
③ উপমিত কর্মধারয়।
④ রূপক কর্মধারয়।

মোঃ রিমান লেখ
J.K.K.N.I.U

① মধ্যপদলোপী কর্মধারয় :- যে কর্মধারয় সমাসে ব্যাসবাক্য মধ্যলোপ হয় তাকে মধ্যপদলোপী কর্মধারয় সমাস বলে যথা:- সিংহ চিহ্নিত আসন = সিংহাসন, সাহিত্য বিষয়ক সভা = সাহিত্যসভা, স্মৃতি রক্ষার্থে সৌধ = স্মৃতিসৌধ।

② উপমান কর্মধারয় :-{উপমান অর্থ তুলনীয় বস্তু} প্রত্যক্ষ কোনো বস্তুর সাথে পরোক্ষ কোনো বস্তুর তুলনা করলে প্রত্যক্ষ বস্তুটিকে বলা হয় উপমেয়, আর যার সঙ্গে তুলনা করা হয়েছে তাকে বলা হয় উপমান। যথা:- ভ্রমরের ন্যায় কৃষ্ণ কেশ = ভ্রমরকৃষ্ণকেশ, এখানে ভ্রমর উপমান এবং কেশ উপমেয়। কৃষ্ণত্ব -সাধারণ ধর্ম।

* সাধারণ ধর্মবাচক পদের সাথে উপমানবাচক শব্দের পদের যে সমাস তাকে উপমান কর্মধারয় সমাস বলে যথা:- তুষারের ন্যায় শুভ্র = তুষারশুভ্র।

তারিখ : ২১-১০-২০

৩) উপমিত কর্মধারয়ঃ- সাধারণ গুণের উল্লেখ না করে উপমেয় পদের সাথে উপমানের যে সমাস হয় তাকে উপমিত কর্মধারয় সমাস বলে। যথাঃ মুখ চন্দ্রের ন্যায় = চন্দ্রমুখ, পুরুষ সিংহের ন্যায় = সিংহ পুরুষ।

* এ সমাসে উপমেয় পদটি পূর্বে বসে।

৪) রূপক কর্মধারয়ঃ- উপমান ও উপমেয়ের মধ্যে অভিন্নতা কল্পনা করা হলো রূপক কর্মধারয় সমাস যথাঃ- মন রূপ মাঝি = মনমাঝি, বিষাদ রূপ সিন্ধু = বিষাদসিন্ধু

* এ সমাসে উপমেয় পদ পূর্বে এবং উপমান পদ পরে বসে। এবং সমস্যমান পদে 'রূপ' অথবা -ই, যোগ করে ব্যাস বাক্য গঠন করা হয়।

মোঃ রিমন শেখ
J.K.K.N.I.U

৩) তৎপুরুষ সমাসঃ- পূর্ব পদের বিভক্তির লোপে যে সমাস হয় এবং যে সমাসের পরপদের অর্থ প্রধানভাবে বোঝায় তাকে তৎপুরুষ সমাস বলে। যথাঃ- বিপদকে আপন্ন = বিপদাপন্ন।

* তৎপুরুষ ৯ প্রকার যথাঃ-
১) দ্বিতীয়া, ২) তৃতীয়া, ৩) চতুর্থী ৪) পঞ্চমী ৫) ষষ্ঠী ৬) সপ্তমী ৭) নঞ্ ৮) উপপদ ৯) অলুক।

তারিখ : ২২-১০-২০

⇨ দ্বিতীয়া তৎপুরুষ :- পূর্ব পদে দ্বিতীয়া বিভক্তি {কে, রে} বসে যথা:- দুঃখকে প্রাপ্ত = দুঃখপ্রাপ্ত।

⇨ তৃতীয়া তৎপুরুষ :- পূর্ব পদে তৃতীয়া বিভক্তি {দ্বারা, দিয়া কর্তৃক} সমাস লোপ পায় যথা :- মন দিয়ে গড়া = মনগড়া।

মোঃ রিমান শেখ
J.K.K.N.I.U

⇨ চতুর্থী তৎপুরুষ :- পূর্ব পদে চতুর্থী বিভক্তি {কে, জন্য} লোপ পায় যথা:- ক গুরুকে ভক্তি = গুরুভক্তি, বিয়ের জন্য পাগলা = বিয়ে পাগলা।

⇨ পঞ্চমী তৎপুরুষ :- পূর্বপদে পঞ্চমী বিভক্তি {হতে, থেকে} সমাস লোপ পায় যথা:- খাঁচা থেকে ছাড়া = খাঁচাছাড়া

⇨ ষষ্ঠী তৎপুরুষ :- পূর্ব পদে ষষ্ঠী বিভক্তি {র, এর} লোপ সমাস হয় যথা:- চায়ের বাগান = চাবাগান, রাজার পুত্র = রাজপুত্র

⇨ সপ্তমী তৎপুরুষ :- পূর্বপদে সপ্তমী বিভক্তি {এ, য়, তে} লোপ হয়ে যে সমাস হয় যথা :- গাছে পাকা = গাছপাকা দিবায় নিদ্রা = দিবানিদ্রা।

তারিখ : ২২-১০-২০

⇨ নঞ্ তৎপুরুষ সমাস :- না বাচক নঞ্ অব্যয় (না, নেই, নাই, ন) পূর্বে বসে যথা : ন আচার = অনাচার, ন কাতর = অকাতর ।

⇨ উপপদ তৎপুরুষ সমাস :- যে পদের পরবর্তী ক্রিয়ামূলের গঠনে কৃৎ প্রত্যয় যুক্ত হয় সে পদকে উপপদ বলে যথা :-

জলে চরে যা = জলচর, জল দেয় যে = জলদ ।

⇨ অলুক তৎপুরুষ সমাস :- যে তৎপুরুষ সমাস পূর্বপদের দ্বিতীয়াদি বিভক্তি লোপ হয় না তাকে অলুক তৎপুরুষ বলা হয় যথা :-

গায়ে পড়া = গায়েপড়া ।

মোঃ রিয়ান শেখ
J.K.K.N.I.U

④ বহুব্রীহি সমাস :- যে সমাসে সমস্যমান পদগুলোর কোনোটির অর্থ না বুঝিয়ে, অন্য কোনো পদকে বোঝায় তাকে বহুব্রীহি সমাস বলে । যথা :- বহু ব্রীহি (ধান) আছে যার = বহুব্রীহি ।

* বহুব্রীহি সমাস আট প্রকার যথা :-

① সমানাধিকরণ ② ব্যাধিকরণ ③ ব্যতিহার ④ নঞ্ ⑤ মধ্যপদলোপী
⑥ প্রত্যয়ান্ত ⑦ অলুক ⑧ সংখ্যাবাচক ।

⑨ সমানাধিকরণ বহুব্রীহি :- পূর্বপদ বিশেষণ ও পরপদ বিশেষ্য হলে সমানাধিকরণ বহুব্রীহি সমাস হয়। যথা:- হত হয়েছে স্ত্রী যার = হতস্ত্রী, খোলা মেজাজ যার = খোলামেজাজ

⑩ ব্যাধিকরণ বহুব্রীহি :- বহুব্রীহি সমাসের পূর্বপদ এবং পরপদ কোনোটিই যদি বিশেষণ না হয়, তবে তাকে ব্যাধিকরণ বহুব্রীহি বলে যথা :- আশীতে (দাঁতে) বিষ যার = আশীবিষ।

⑪ ব্যতিহার বহুব্রীহি :- ক্রিয়ার পারস্পরিক অর্থে ব্যতিহার বহুব্রীহি সমাস হয়। এ সমাসে পূর্বপদে 'আ' এবং উত্তরপদে 'ই' যুক্ত হয় যথা :- হাতে হাতে যে যুদ্ধ = হাতাহাতি, কানে কানে যে কথা = কানাকানি।

মোঃ রিয়ান শেখ
J.K.K.N.I.U

⑫ নঞ্ বহুব্রীহি :- বিশেষ্য পূর্বপদের আগে নঞ্ (না অর্থবোধক) অব্যয় যোগ করে বহুব্রীহি সমাস হয় তাই নঞ্ বহুব্রীহি বলে। যথা:- নাই জ্ঞান যার = অজ্ঞান, নে হেত যার = বেহেড

⑬ সর্বপদলোপী বহুব্রীহি :- বহুব্রীহি সমাসের ব্যাখ্যার জন্য ব্যবহৃত বাক্যাংশের কোনো অংশ যদি সমস্তপদে লোপ পায় তাকে সর্বপদলোপী বলে। যথা:- বিড়ালের চোখের ন্যায় চোখ যে নারীর = বিড়ালচোখী।

(৬) প্রত্যয়ান্ত বহুব্রীহি:- যে বহুব্রীহি সমাসে সমস্তপদে আ, এ, ও ইত্যাদি প্রত্যয় যুক্ত হয় তাকে প্রত্যয়ান্ত বহুব্রীহি সমাস বলে যথাঃ এক দিকে চোখ যার = এক চোখা।

(৭) অলুক বহুব্রীহি:- যে বহুব্রীহি সমাসে পূর্ব বা পরপদের কোনো পরিবর্তন হয় না তাকে অলুক বহুব্রীহি সমাস বলে যথাঃ- মাথায় পাগড়ি যার = মাথায়পাগড়ি।

(৮) সংখ্যাবাচক বহুব্রীহি:- পূর্ব পদ সংখ্যাবাচক এবং পরপদ বিশেষ্য হলে এবং সমস্ত পদটি বিশেষণ হলে, তাকে সংখ্যাবাচক বহুব্রীহি সমাস বলে। যথাঃ- দশ গজ পরিমাণ যার = দশগজি।

* নিপাতনে সিদ্ধ বহুব্রীহি:- যথা:- দু দিকে অপ যার = দ্বীপ, অন্তর্গত অপ যার = অন্তরীপ, নরাকারে পশু যে = নরপশু।

(৫) দ্বিগু সমাস:- সমাহার বা মিলন অর্থে সংখ্যাবাচক শব্দের সঙ্গে বিশেষ্য পদের যে সমাস হয় তাকে দ্বিগু সমাস বলে যথা:- তিন কালের সমাহার = ত্রিকাল; তিন মাথার সমাহার = তেমাথা।

মোঃ রিমান শেখ

J.K.K.N.I.U

তারিখ : ২২-১০-২০

(৬) অব্যয়ীভাব সমাস :- পূর্বপদে অব্যয়যোগে নিষ্পন্ন যদি অব্যয়ের অর্থের প্রাধান্য থাকে, তবে তাকে অব্যয়ীভাব সমাস বলে। যথা:- জানু পর্যন্ত নম্রিত = আজানুনম্রিত।

* উল্লিখিত প্রধান দুটি সমাস ছাড়াও কয়েকটি অপ্রধান সমাস রয়েছে যথা: প্রাদি, নিত্য, উপপদ ও অনুক।

* প্রাদি সমাস :- প্র, প্রতি, অনু প্রভৃতি অব্যয়ের সঙ্গে যদি কৃৎ প্রত্যয়ের সাধিত বিশেষ্যের সমাস হয় তবে তাকে প্রাদি সমাস বলে। যথা :- অনুতে যে তাপ = অনুতাপ।

* নিত্য সমাস :- যে সমাসে সমস্যমান পদগুলো নিত্য সমাসবদ্ধ থাকে ব্যাসবাক্যের দরকার হয় না তাকে নিত্য সমাস বলে। যথা: কেবল দর্শন = দর্শনমাত্র, অন্য গৃহ = গৃহান্তর।

মোঃ রিমান শেখ
J.K.K.N.I.U

তারিখ : ২৩-১০-২০

উপসর্গ

* উপসর্গ শব্দের আগে বসে।
* বাংলা ভাষায় কিছু অব্যয়সূচক শব্দ আছে যা স্বাধীন ভাবে বাক্যে ব্যবহৃত হতে পারে না। এগুলোকে অন্য শব্দের আগে বসে নতুন শব্দ গঠন করে এগুলোকে উপসর্গ বলে।
* উপসর্গের অর্থবাচকতা নেই এদের অর্থদ্যোতকতা আছে।
* বাংলা ভাষায় তিন প্রকার উপসর্গ আছে যথাঃ-
① বাংলা ② তৎসম ③ বিদেশি
* বাংলা উপসর্গ মোট ২৭ টি যথা:- অ, অঘা, অজ, অনা, আ, আড়, আন, আব, ইতি, উন, কদ, কু, নি, পাতি, বি, ভর, রাম, স, সা, সু, হা।
* তৎসম (সংস্কৃত) উপসর্গ ২০ টি যথা:- প্র, পরা, অপ, সম, নি, অনু, অব, নির, দুর, বি, অধি, সু, উৎ, পরি, প্রতি, অভি, অতি, অপি, উপ, আ।
* আ, সু, বি, নি এ চারটি উপসর্গ বাংলা ও তৎসম উপসর্গের উভয়ের মধ্যে রয়েছে।

মোঃ রিমান শেখ
J.k.K.N.I.U

তারিখ : ২৬-১০-২০

* বিদেশি উপসর্গ :-
* ফারসি উপসর্গ :- কার, দর, না, নিম, ফি, বদ, বে, বর, ব, কম।
* আরবি উপসর্গ :- আম, খাস, না, গর
* ইংরেজী উপসর্গ :- ফুল, হাফ, হেড, সাব
* উর্দু-হিন্দি উপসর্গ :- হরদোজ, হরমাহিনা, হরকিসিম, হরহামেশা

মোঃ রিমান শেখ
J.K.K.N.I.U

তারিখ : ২৪-১০-২০

পদ-প্রকরণ

* বাক্যে অন্তর্গত প্রত্যেকটি অর্থবোধক শব্দকে পদ বলে।
* পদ প্রধানত দুই প্রকার যথাঃ- ১) সব্যয় পদ ২) অব্যয়পদ
* সব্যয় পদকে আবার চার ভাগে ভাগ করা যায় :-
① বিশেষ্য ② বিশেষণ ③ সর্বনাম ④ ক্রিয়া।

বিশেষ্য :- কোনো কিছুর নামকে বিশেষ্য পদ বলে যথাঃ ব্যক্তি, জাতি, সমষ্টি, বস্তু, স্থান, কাল, ভাব, কর্ম, গুন বোঝায়।
* বিশেষ্য পদ ছয় প্রকার যথাঃ-
① নাম বাচক বিশেষ্য ② জাতিবাচক ③ বস্তু বাচক ④ সমষ্টিবাচক
⑤ ভাব বাচক ⑥ গুনবাচক বিশেষ্য।

বিশেষণ :- যে পদ বিশেষ্য, সর্বনাম, ক্রিয়াপদের দোষ, গুন, অবস্থা, সংখ্যা, পরিমাণ বোঝায় তাকে বিশেষণ পদ বলে।
* বিশেষণ পদ দুই প্রকার যথাঃ-
① নাম বিশেষণ ② ভাব বিশেষণ

মোঃ রিমান শেখ
J.K.K.N.I.U

* ভাব বিশেষণ চার প্রকার।

তারিখ : ২৪-১০-২০

কারক ও বিভক্তি

* কারক শব্দের অর্থ যা ক্রিয়া সম্পাদন করে।
* বাক্যস্থিত ক্রিয়াপদের সঙ্গে নামপদের যে সম্বন্ধ তাকে কারক বলে।
* কারক ৬ প্রকার যথা:)

১) কর্তৃকারক ২) কর্মকারক ৩) করণ কারক ৪) সম্প্রদান কারক ৫) অপাদান কারক ৬) অধিকরণ কারক

* বিভক্তি:- বাক্যস্থিত একটি শব্দের সঙ্গে অন্য শব্দের অন্বয় সাধনের জন্য শব্দের সঙ্গে যে সকল বর্ণ যুক্ত হয় তাদের বিভক্তি বলে

মোঃ রিমান শেখ
J.K.K.N.I.U

* বিভক্তি ৭ প্রকার যথা:-

১) প্রথমা বা শূন্য বিভক্তি :- ০, অ, ২) দ্বিতীয়া বিভক্তি :- কে, রে ৩) তৃতীয়া বিভক্তি :- দ্বারা, দিয়া, কর্তৃক ৪) চতুর্থী বিভক্তি :- দ্বিতীয়ার মতো ৫) পঞ্চমী বিভক্তি :- হইতে, থেকে, চেয়ে ৬) ষষ্ঠী বিভক্তি :- র, এর ৭) সপ্তমী বিভক্তি :- এ, য়, তে ,

① কর্তৃকারক :- বাক্যস্থিত যে বিশেষ্য বা সর্বনাম পদ ক্রিয়া সম্পন্ন করে তাকে কর্তৃকারক বলে।

* ক্রিয়ার সঙ্গে 'কে' বা 'কারা' যোগ করে যে উত্তর পাওয়া যায় তাই কর্তৃকারক যথা:- {খোকা বই পড়ে} {কে পড়ে? খোকা পড়ে}

মোঃ রিয়াদ শেখ
J.K.K.N.I.U

* কর্তৃকারক চার প্রকার :-

① মুখ্য কর্তা ② প্রযোজক কর্তা ③ প্রযোজ্য কর্তা ④ ব্যতিহার

* মুখ্য কর্তা :- যে নিজে নিজেই ক্রিয়া সম্পাদন করে সে মুখ্য কর্তা যথা:- ছেলেরা ফুটবল খেলছে।

② প্রযোজক কর্তা :- মূল কর্তা যখন অন্যকে কোনো কাজে নিয়োজিত করে তা সম্পন্ন করায়, তখন তাকে প্রযোজক কর্তা বলে যথা:- {শিক্ষক ছাত্রদের ব্যাকরণ পড়াচ্ছেন}

③ প্রযোজ্য কর্তা :- মূল কর্তার করণীয় কার্য যাকে দিয়ে সম্পাদিত হয় তাকে প্রযোজ্য কর্তা বলে। উপরের বাক্যে 'ছাত্র' প্রযোজ্য কর্তা।

তারিখ : ২৪-১০-২০

④ ব্যতিহার কর্তা:- কোনো বাক্যে যে দুটো কর্তা একত্রে একজাতীয় ক্রিয়া সম্পাদন করে, তাদের ব্যতিহার কর্তা বলে। যথা:- রাজায় রাজায় লড়াই।

* কর্মকারক:- যাকে আশ্রয় করে কর্তা ক্রিয়া সম্পন্ন করে তাকে কর্মকারক বলে।

{কী বা কাকে দ্বারা প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায় তা কর্মকারক}

যথা:- তাকে বল - কাকে বল?

মোঃ রিমান শেখ
J.K.K.N.I.U

* করণ কারক:-

* করণ শব্দটির অর্থ:- যন্ত্র, সহায়ক বা উপায়।

* ক্রিয়া সম্পাদনের যন্ত্র, উপকরণ বা সহায়ককেই করণ কারক বলে।

{কীসের দ্বারা বা কী উপায়ে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায় এই-করণ কারক} যথা:- (নারী কলম দিয়ে লেখে) (জগতে কীর্তিমান হয় সাধনায়)

তারিখ : ২৪-১০-২০

* সম্প্রদান কারক :- যাকে স্বত্ব ত্যাগ করে দান, অর্চনা করা হয় তাকে সম্প্রদান কারক বলে।

* অনেক বৈয়াকরণ বাংলা ব্যাকরণে সম্প্রদান কারক স্বীকার করেন না। কারণ কর্মকারকের দ্বারাই সম্প্রদান কারকের কাজ সুন্দরভাবে সম্পাদন করা যায়। যথা :- ভিক্ষারিকে ভিক্ষা দাও

* অপাদান কারক :- যা থেকে কিছু বিচ্যুত, গৃহীত, ভীত, বিরত, আরম্ভ, দূরীভূত রক্ষিত হয় তাকেই অপাদান কারক বলে যথা :- (গাছ থেকে পাতা পড়ে) (মেঘ থেকে বৃষ্টি পড়ে) (পাপে বিরত হও)।

মোঃ রিমান মোল্যা
J.K.K.N.I.U

* অধিকরণ কারক :- ক্রিয়া সম্পাদনের কাল (সময়) এবং আধারকে অধিকরণ কারক বলে।

⇒ অধিকরণ তিন প্রকার :- ① কালাধিকরণ ② আধারাধিকরণ ③ ভাবাধিকরণ।

* {কোথায় কখন, কীসে দ্বারা প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায় তাই অধিকরণ} যথা :- (প্রভাতে সূর্য ওঠে)।

তারিখ : ২৪-১০-২০

* অধিকরণ তিন প্রকার :- ① ঐকদেশিক ② অভিব্যাপক ③ বৈষয়িক।

① **ঐকদেশিক :-** বিশাল স্থানের যে কোনো অংশে ক্রিয়া সংঘটিত হলে তাকে ঐকদেশিক অধিকরণ বলে। (পুকুরে মাছ আছে) (বনে বাঘ আছে) (রাজার দুয়ারে হাতি বাঁধা)

② **অভিব্যাপক :-** উদ্দিষ্ট বস্তু যদি সমগ্র আধার ব্যাপ্ত করে বিরাজমান থাকে, তবে তাকে অভিব্যাপক বলে। (তিলে তৈল আছে) (নদীতে পানি আছে)

③ **বৈষয়িক :-** বিষয় বিশেষে বা কোনো বিশেষ গুণে কারও কোনো দক্ষতা বা ক্ষমতা থাকলে সেখানে বৈষয়িক অধিকরণ হয়। যথাঃ- (রবিন অঙ্কে কাঁচা)

মোঃ রিমান শেখ

J.K.K.N.I.U

মোঃ রিমান শেখ   তারিখ : ২৫-১০-২০

J.K.K.N.I.U   বাক্য প্রকরণ

* পাশাপাশি কয়েকটি শব্দ একত্রে বসে যদি অর্থের অর্থ সম্পূর্ণ রূপে প্রকাশ করে তাকে বাক্য বলে।

* একটি সার্থক বাক্যের তিনটি গুণ থাকে :- ① আকাঙ্ক্ষা ② আসত্তি ③ যোগ্যতা

১) আকাঙ্ক্ষা :- বাক্যের অর্থ সম্পূর্ণ ভাবে বোঝানোর জন্য এক পদের পর অন্য পদ শোনার যে ইচ্ছা তাকে আকাঙ্ক্ষা বলে। যথা:- পৃথিবীর উপগ্রহ..... । আমি বাড়ি.....।

২) আসত্তি :- বাক্যের অর্থ সংগতি রক্ষার জন্য সুশৃঙ্খল পদবিন্যাসই হলো আসত্তি যথা:-

কাল বিতরণী হবে উৎসব স্কুলে আমাদের পুরস্কার অনুষ্ঠান
⇒ কাল আমাদের স্কুলে পুরস্কার বিতরণী অনুষ্ঠান হবে।

৩) বাক্য স্থিত পদ সমূহের অর্থগত ও ভাবগত মিলবন্ধনের নাম যোগ্যতা। যথা:-

(হাতিরা আকাশে উড়ে), (মানুষেরা ঘাস খায়)

তারিখ : ২৫-১০-২০

* শব্দের যোগ্যতার সাথে নিম্নলিখিত বিষয় জড়িয়ে থাকে দুর্বোধ্যতা, অপ্রচলিত দুর্বোধ্য শব্দ ব্যবহার করলে বাক্যের যোগ্যতা বিনষ্ট হয় যথাঃ- তুমি আমার সাথে প্রপঞ্চ করেছো। চাতুরতা

মোঃ রিয়ান শেখ
J.K.K.N.I.U

* উপমার ভুল প্রয়োগ :- ঠিক ভাবে উপমা অলংকার ব্যবহার না করলে বাক্যের যোগ্যতার হানি ঘটে। যেমনঃ- (আমার হৃদয় মন্দিরে আশার বীজ উপ্ত হলো)

* বাহুল্য দোষ :- প্রয়োজনের অধিক শব্দ ব্যবহার করলে বাহুল্য দোষ ঘটে যথাঃ- দেশের সব আলেমগণই এই ব্যাপারে আমাকে সাহায্য করবেন।

* বাগ্‌বিধির শব্দের পরিবর্তন :- বাগ্‌বিধিতে যথেচ্ছ পরিবর্তন করলে শব্দ তার যোগ্যতা হারায় যথাঃ- অরণ্যে রোদন = নিষ্ফল আবেদন / বনে ক্রন্দন।

* গুরুচণ্ডালী দোষ :- তৎসম শব্দের সাথে দেশীয় শব্দের প্রয়োগে গুরুচণ্ডালী দোষ হয় যথাঃ গরুর গাড়ি

তারিখ : ২৫-১০-২০

গরুর বাছুর । কাবদাহ - কাবলোড়া, মড়ালোড়া - মড়কাহ ।

উদ্দেশ্য ও বিধেয়

* প্রতিটি বাক্যের দুটি অংশ থাকে ① উদ্দেশ্য ② বিধেয়

উদ্দেশ্য :- বাক্যের যে অংশ কাউকে উদ্দেশ্য করে কিছু বোঝায় তাকে উদ্দেশ্য বলে ।

বিধেয় :- উদ্দেশ্য সম্বন্ধে যা বলা হয় তাকে বিধেয় বলে ।

যথা:- খোকা এখন (উদ্দেশ্য) বই পড়ছে (বিধেয়)

মোঃ রিমান শেখ
J.K.K.N.I.U

* গঠন অনুসারে বাক্য তিন প্রকার :- ① সরল ② মিশ্র বা জটিল ③ যৌগিক ।

সরল :- যে বাক্যে একটি মাত্র কর্তা উদ্দেশ্য এবং একটি মাত্র বিধেয় থাকে তাকে সরল বাক্য বলে । যথাঃ- পুকুরে পদ্মফুল ফোটে ।

মা ছিল না বলে (উদ্দেশ্য) কেউ তার ভুল ধরে দেয়নি (বিধেয়) ।

তারিখ : ২৫-১০-২০

* মিশ্র বা জটিল :- যে বাক্যে একটি প্রধান খন্ড বাক্য এক বা একাধিক আশ্রিত বাক্য থাকে তাকে মিশ্র বা জটিল বাক্য বলে যথাঃ- যে পরিশ্রম করে, সেই সুখ লাভ করে
প্রধান খন্ড আশ্রিত

* যৌগিক বাক্য :- পরস্পর নিরপেক্ষ দুই বা ততোধিক সরল বা মিশ্র বাক্য মিলিত হয়ে যে বাক্য গঠিত হয় তাকে যৌগিক বাক্য বলে।

* যৌগিক বাক্যের অন্তর্গত ও নিরপেক্ষ কতগুলো শব্দ হলো এবং, ও, কিন্তু, তথাপি, অথচ, কিংবা, বরং, তথাপি, যথাপি প্রভৃতি অব্যয় সম্বলিত থাকে।

মোঃ রিমান শেখ
J.K.K.N.I.U